

জিএম সিরাজ | রংপুর | 17 May, 2025

কুড়িগ্রামের রৌমারী সীমান্তে মাছ ধরতে গিয়ে বজ্রপাতে শফিকুল ইসলাম (৩৮) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। শুক্রবার (১৬ মে) রাত আনুমানিক ১০টায় উপজেলার ইজলামারী সীমান্ত এলাকায় এ ঘটনা ঘটে।

শফিকুল ইসলাম উপজেলার রৌমারী সদর ইউনিয়নের ভন্দুরচর গ্রামের ফজলে রহিমের ছেলে।

পুলিশ জানায়, শুক্রবার রাতে উপজেলার ইজলামারী সীমান্তের কাছে কালো নদীতে মাছ ধরতে লাইট ও টেঁটা নিয়ে যান শফিকুল। সেখানে বজ্রপাতে তার মৃত্যু হয়। পরে তার মরদেহ উদ্ধার করে বাড়ি নিয়ে আসেন স্বজনরা।

রৌমারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. লুৎফর রহমান বলেন, মাছ ধরতে গিয়ে বজ্রপাতের শিকার হয়ে শফিকুলের মৃত্যু হয় বলে শোনা যাচ্ছে। পরিবারের পক্ষ থেকে থানায় ইউডি মামলা করা হয়েছে। অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বজ্রপাত কৃষক মৃত্যু

